



## জুলাই অভ্যুত্থানের ৩ মামলায় জামিন চাইলেন দীপু মনি



দীপু মনি। ছবি: সংগৃহীত

রাজধানী ঢাকার বিভিন্ন থানায় জুলাই গণ-অভ্যুত্থানের ঘটনায় দায়ের হওয়া আরও ৩টি হত্যা মামলায় জামিন চেয়ে আবেদন করেছেন সাবেক সমাজকল্যাণ মন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডা. দীপু মনি। হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চে চলতি সপ্তাহের যেকোনো দিন এই আবেদনগুলোর ওপর শুনানি হতে পারে। এর আগে উচ্চ আদালত থেকে ভিন্ন ২টি মামলায় জামিন পেয়েছিলেন সাবেক এই মন্ত্রী। এছাড়া তার বিরুদ্ধে থাকা আরও ১৩টি মামলায় কেন তাকে স্থায়ী জামিন দেওয়া হবে না, তা জানতে চেয়ে ইতিপূর্বে রুল জারি করেছিলেন আদালত।

আদালত ও মামলার নথিসূত্রে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনের পর থেকে এখন পর্যন্ত ডা. দীপু মনিকে অন্তত ৩৯টি মামলায় গ্রেপ্তার দেখানো হয়েছে। এর মধ্যে রয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারার্থী শাপলা চতুর হত্যাকাণ্ড এবং জুলাই গণ-অভ্যুত্থানের একাধিক মামলা, যেগুলোতে বর্তমানে তার বিচার প্রক্রিয়া চলছে। উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার তীব্র গণ-আন্দোলনের মুখে তৎকালীন আওয়ামী লীগ সরকারের পতনের পর আত্মগোপনে যান দলটির শীর্ষ নেতারা। এরই ধারাবাহিকতায় ১৯ আগস্ট রাতে রাজধানীর বারিধারা এলাকা থেকে পুলিশ ডা. দীপু মনিকে গ্রেপ্তার করে।

এদিকে, জুলাইয়ের সহিংসতা ও হত্যা মামলায় গ্রেপ্তার হওয়া সাংবাদিক মোজাম্মেল বাবু, শাকিল আহমেদ এবং ফারজানা রূপার জামিন আবেদনের শুনানি নিয়ে আগামী সপ্তাহে হাইকোর্টে রুল শুনানি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।